

## 🖪 আল-হিজর | Al-Hijr | ٱلْجِجْر

আয়াতঃ ১৫: ৭৪

## 💵 আরবি মূল আয়াত:

## فَجَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَ أَمطَرنَا عَلَيهِم حِجَارَةً مِّن سِجِّيلِ ﴿٢٢﴾

## 

অতঃপর আমি তার (নগরীর) উপরকে নিচে উলটে দিলাম এবং তাদের উপর বর্ষণ করলাম পোড়া মাটির পাথর।
— আল-বায়ান

আর আমি সে জনপদকে উল্টে (উপর-নীচ) করে দিলাম আর তাদের উপর পাকানো মাটির প্রস্তর বর্ষণ করলাম।

— তাইসিরুল

সূতরাং আমি জনপদকে উল্টে দিলাম এবং তাদের উপর প্রস্তর কংকর নিক্ষেপ করলাম। — মুজিবুর রহমান

And We made the highest part [of the city] its lowest and rained upon them stones of hard clay. — Sahih International

৭৪. তাতে আমরা জনপদকে উল্টিয়ে উপর-নীচ করে দিলাম এবং তাদের উপর পোড়ামাটির পাথর-কংকর বর্ষণ করলাম

তাফসীরে জাকারিয়া

- (৭৪) সুতরাং আমি (তাদের) জনপদকে উল্টিয়ে উপর-নীচ করে দিলাম[1] এবং তাদের উপর ঝামা পাথর নিক্ষেপ করলাম।[2]
  - [1] কথিত আছে যে, তাদের জনপদকে শূন্যে তোলা হয়, তারপর সেখান থেকে উল্টিয়ে পৃথিবীতে ফেলে দেওয়া হয়। এভাবে উপরকে নীচে আর নীচেকে উপর করে ধ্বংস করে দেওয়া হয়। এও বলা হয় যে, তাদের ঘরের ছাদ সহ তাদেরকে মাটিতে মিশিয়ে দেওয়া হয়।
  - [2] তারপর তাদের উপর এক বিশেষ ধরনের পাথর বর্ষণ করা হয়। এভাবে তাদেরকে তিন প্রকার আযাব দিয়ে পৃথিবীর মানুষের জন্য এক নিদর্শন বানিয়ে দেওয়া হয়।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন